



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইস/সার্ভাইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৫০

তারিখঃ ২৫ অক্টোবর ১৪২৬ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭১০ তম কমিশন সভা অদ্য ১০/১২/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর একটি প্রস্তাব কমিশন অধ্যক্ষের সভায় অনুমোদন করেছে। যার ফলে যে কোন বিও হিসাবে নিম্নলিখিত কার্যক্রমের ক্ষেত্রে গ্রাহকের মোবাইল নাম্বারে এসএমএস (SMS) এলাট স্বয়ংক্রিয়ভাবে চলে যাবেঃ


- (ক) বিও হিসাব খোলা;
- (খ) বিও হিসাবে লিংক একাউন্ট খোলা;
- (গ) বিনিয়োগকারীর নাম পরিবর্তন;
- (ঘ) বিনিয়োগকারীর ব্যাংক হিসাব পরিবর্তন;
- (ঙ) বিনিয়োগকারীর ব্যাংকের নাম পরিবর্তন;
- (চ) বিও হিসাবে যে মোবাইল নম্বর দেয়া হয়েছে তার পরিবর্তন হলে (পুরাতন এবং নূতন দুই মোবাইল নম্বরেই এসএমএস (SMS) এলাট যাবে);
- (ছ) বিও হিসাব বন্ধ করা হলে; এবং
- (জ) মার্জিন বিও থেকে নন-মার্জিন বিও-তে অথবা নন-মার্জিন বিও থেকে মার্জিন বিও-তে রূপান্তর।

উল্লিখিত সেবাসমূহ খুব শীঘ্রই চালু হবে এবং বিনিয়োগকারীরা তা বিনামূল্যে পাবেন। এছাড়াও বিও হিসাবের সিকিউরিটিজ ডেবিট ও ক্রেডিট হওয়া সংক্রান্ত যে এসএমএস সার্ভিস বর্তমানে চালু আছে তাও অব্যাহত থাকবে।

এই নূতন এসএমএস সেবা চালু হলে বিও হিসাব সংক্রান্ত গুরুত্বপূর্ণ সকল বিষয়ে হিসাবধারীরা জানতে পারবেন তবে উক্ত সেবা পাওয়ার জন্য বিও হিসাবে নিজের সঠিক মোবাইল নাম্বার দেয়া খুবই জরুরি। এমতাবস্থায়, সকল বিনিয়োগকারীদের বিও হিসাবের নিরাপত্তার স্বার্থে বিও হিসাবে সঠিক মোবাইল নম্বর অন্তর্ভুক্ত করতে হবে।

যেহেতু বর্তমানে বহু কোম্পানী দেশের প্রচলিত পেমেন্ট সিস্টেম ব্যবহার করে নগদ লভ্যাংশ প্রেরণ করে থাকে তাই সঠিক ব্যাংক হিসাব নম্বর বিও হিসাবে থাকা জরুরি। অন্যথায় বিনিয়োগকারীরা লভ্যাংশ পেতে ভোগান্তির শিকার হতে পারেন।

তাছাড়া বর্তমানে অনেক কোম্পানী ই-মেইলের মাধ্যমে বার্ষিক সাধারণ সভার নোটিশ ও বার্ষিক প্রতিবেদন প্রেরণ করে থাকে, তাই একই সাথে সম্মানিত বিনিয়োগকারীদের বিও হিসাবে সঠিক মোবাইল নম্বর, ব্যাংক হিসাব এবং ই-মেইল (যদি থাকে) সন্নিবেশিত করতে অনুরোধ জানান হবে।


মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।